

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.১০.

তারিখ:

১৫ মাঘ ১৪২৫

২৮ জানুয়ারি ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব শার্মিন আক্তার মুক্তা (০১৭২৯০), প্রভাষক (অর্থনীতি), সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া গত ৩০/১২/২০০৮ তারিখ হতে অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ০৯/০৫/২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তিনি মানবিক কারণে মাতৃত্বজনিত ছুটি/বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। জনাব শার্মিন আক্তার মুক্তা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তার পারিবারিক বিপর্যয়ের কথা বিবেচনায় নিয়ে তার বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত করা সহ তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে মাতৃত্বজনিত ছুটি/বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব শার্মিন আক্তার মুক্তা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) উপ-বিধি (১) অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত করা হলো এবং অননুমোদিত অনুপস্থিত সময়কালকে ৩০/১২/২০০৮ তারিখ হতে ৩১/০৫/২০১৪ তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি তার প্রথম সন্তানের জন্ম ০১/০৬/২০১৪ হতে ৩১/১২/২০১৪ মাতৃত্বজনিত ছুটি ০১/০১/২০১৫ ০৯/০৪/২০১৫ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি ও দ্বিতীয় সন্তানের জন্ম ১০/০৪/২০১৬ হতে ১০/১০/২০১৬ পর্যন্ত মাতৃত্বজনিত এবং ১১/১০/২০১৬ হতে ১৮/০৬/২০১৭ বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ২৮.০১.২০১৯

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.১০.৬২/৭(৭৪)


তারিখ:

১৫ মাঘ ১৪২৫

২৮ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব শার্মিন আক্তার মুক্তা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজব্রাহ্মণবাড়িয়া,।
- ৬। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (জনাব শার্মিন আক্তার মুক্তাকে অন্যত্র বদলী করার অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ১০। জনাব শার্মিন আক্তার মুক্তা (০১৭২৯০), প্রভাষক (অর্থনীতি), সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।


২৮/০১/২০১৯
(জাকিয়া খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৫৩২৭৬